Amendment of BPDB's Tender Enquiry

Sl No	Tender enquiry no. & date	Subject to be amended	Existing as	Shall be amended as
01.	Pur-227/2006-07/Rev.(CF) Date: 17/12/2007 (Supply of different type of testing equipment)	a) Tender closing & opening date (Tender notice Sl. No. 18 & 19)	05/03/2007	19/03/2007 (Tender document will be sold up to 18/03/2007)

All other terms & conditions remain unchanged.

Md. Abduhu Ruhullah
Director
Directorate of Purchase
BPDB, Dhaka

Biddyut/Jana-1110(4)/01-3-07
GD-648

দরপত্র বিজ্ঞপ্তি

০১	মন্ত্রণালয়/বিভাগ	বিদ্যুৎ বিভাগ।
০২	এজেন্সি	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড।
০৩	সংগ্রাহক সত্তার নাম	নির্বাহী প্রকৌশলী, পিসি পোল নির্মাণ প্লান্ট, চট্টগ্রাম।
০৪	সংগ্রাহক সত্তার জেলা	চট্টগ্রাম।
০৫	আহ্বানের নাম	১) ভোলাগঞ্জ/জাফলং বোল্ডার সরবরাহ।
০৬	আহ্বানের সূত্র নং ও তারিখ	২১/(০১)/পিসি/চট্টঃ ৩-৩/২০০৬-২০০৭/৪১৪, তারিখঃ ২৪/০২/২০০৭খ্রিঃ।
০৭	সংগ্রহ পদ্ধতি	খোলা দরপত্র।
০৮	বাজেট ও টাকার উৎস	রাজস্ব।
০৯	দরপত্র প্রচারের তারিখ	২৪/০২/২০০৭খ্রীঃ।
১০	দরপত্র বিক্রয়ের শেষ দিন ও সময়	১৬/০৪/২০০৭ ১৬ঃ০০ ঘটিকা।
১১	দরপত্র বাক্স বন্ধের তারিখ ও সময়	১৭/০৪/২০০৭ দুপুর ১২ঃ০০ ঘটিকা।
১২	দরপত্র খোলার তারিখ ও সময়	১৭/০৪/২০০৭ দুপুর ১৪ ঃ ০০ ঘটিকা।
১৩	দপ্তর/দপ্তরসমূহের নাম ও ঠিকানা ঃ i) দরপত্র দলিল বিক্রির দপ্তর (প্রধান)	ক) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টেশ্বরী রোড, চট্টগ্রাম, খ) প্রধান প্রকৌশলী, পূর্তকর্ম, ১নং আব্দুল গণি রোড, বিদ্যুৎ ভবন (নীচ তলা), বিউবো, রমনা, ঢাকা গ) পরিচালক, পূর্তকাজ, ১ নং আব্দুলগণি রোড, বিদ্যুৎ ভবন (৫ম তলা), বিউবো, রমনা, ঢাকা, নির্বাহী প্রকৌশলীর দপ্তর, পিসি পোল নির্মাণ প্লান্ট, বিউবো, হালিশহর, চট্টগ্রাম।
	ii) দরপত্র দলিল বিক্রির দপ্তর (অন্যান্য)	প্রযোজ্য নয়।
	iii) দরপত্র দলিল গ্রহণ	নির্বাহী প্রকৌশলীর দপ্তর, পিসি পোল নির্মাণ প্লান্ট, বিউবো, হালিশহর, চট্টগ্রাম।
	iv) দরপত্র দলিল খোলার দপ্তর	নির্বাহী প্রকৌশলীর দপ্তর, পিসি পোল নির্মাণ প্লান্ট, বিউবো, হালিশহর, চট্টগ্রাম এর দপ্তর।
১৪	দরদাতার যোগ্যতা	প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠান দরপত্রে অংশগ্রহণ করিতে পারিবে এবং সরবরাহকারী প্রতিষ্ঠানের মালিকানা দলিল, হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদপত্র, ভ্যাট রেজিস্ট্রেশন এর সত্যায়িত ছায়ালিপি দরপত্রের সহিত সংযোজনপূর্বক সীলমোহরকৃত খামের উপর সরবরাহের নাম এবং প্রতিষ্ঠানের নাম, ঠিকানা উল্লেখ ও স্বাক্ষর করিয়া দরপত্র দাখিল করিতে হইবে।

১৫	প্যাকেজ নম্বর	প্যাকেজ পরিচিতি	অবস্থান	দরপত্র দলিলের অফেরতযোগ্য মূল্য (টাকা)	টেন্ডার সিকিউরিটি (টাকা)	সরবরাহ সম্পন্ন করণের সময়সীমা	মন্তব্য
	০১।	ভোলাগঞ্জ/জাফলং বোল্ডার সরবরাহ।	চট্টগ্রাম পিসি পোল নির্মাণ প্লান্ট এর ভান্ডার।	১,০০০/-	৫০,০০০/-	৩০ (ত্রিশ) দিন	ক) দরপত্র ক্রয়মূল্য (টাকা) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে উপ-পরিচালক (হিসাব), আহিদ, চবিস, বিউবো, আগ্রাবাদ, চট্টগ্রাম এর অনুকূলে গ্রহণ পূর্বক দাখিল করিতে হইবে। খ) টেন্ডার সিকিউরিটি (টাকা) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি আকারে উপ-পরিচালক (হিসাব), আহিদ, চবিস, বিউবো, আগ্রাবাদ, চট্টগ্রাম এর অনুকূলে গ্রহণ পূর্বক দাখিল করিতে হইবে।

১৬	দরপত্র আহ্বানকারীর নাম	মিনহাজ উদ্দিন আহমেদ।
১৭	দরপত্র আহ্বানকারীর পদবী	নির্বাহী প্রকৌশলী।
১৮	দরপত্র আহ্বানকারীর ঠিকানা	পিসি পোল নির্মাণ প্লান্ট, বিউবো, হালিশহর, রামপুর, চট্টগ্রাম-৪২২৮।
১৯	দরপত্র আহ্বানকারীর বিস্তারিত যোগাযোগের ঠিকানা	পিসি পোল নির্মাণ প্লান্ট, বিউবো, হালিশহর, রামপুর, চট্টগ্রাম-৪২২৮। ফোন ঃ ০৩১-৭২ ৮০৯১। ই- মেইল ঃ pcpctg53@bttb.net.bd
২০	সকল দরপত্র বাতিল/গ্রহণের ক্ষমতা সংগ্রাহক সত্তা কর্তৃক সংরক্ষিত।	
২১	বিশেষ নির্দেশিকাঃ - দরপত্রের সকল শর্তাবলী সিডিউলে বিস্তারিত বর্ণিত আছে।	

মিনহাজ উদ্দিন আহমেদ
নির্বাহী প্রকৌশলী, আইডি নং-১-০৩৯১
পিসি পোল নির্মাণ প্লান্ট, বিউবো, হালিশহর, চট্টগ্রাম

বিদ্যুৎ/জন-১০৮৮ (৩)/২৭-২-০৭
জিডি-৬০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পুলিশ সুপারের কার্যালয়
মানিকগঞ্জ

দরপত্র বিজ্ঞপ্তি

মানিকগঞ্জ জেলা পুলিশ রেশন স্টোরের ২০০৬-২০০৭ সনের ৪র্থ কোয়ার্টারের (এপ্রিল/০৭ হইতে জুন/০৭ মাস পর্যন্ত) চাহিদা মোতাবেক মশুর ডাল, সোয়াবিন তৈল, ডালডা ও লাকড়ী ক্রয়ের নিমিত্তে ক্রয় নীতিমালা/২০০৩ অনুসারে নিম্নলিখিত শর্তাধীনে প্রকৃত ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহ্বান করা যাইতেছে।

০১।	মন্ত্রণালয়/বিভাগ	স্বরাষ্ট্র মন্ত্রণালয়।	
০২।	সংস্থা/বিভাগ	বাংলাদেশ পুলিশ।	
০৩।	দরপত্র আহ্বানকারীর দপ্তরের নাম ও ঠিকানা	পুলিশ সুপার, মানিকগঞ্জ।	
০৪।	ক্রয় পদ্ধতি	খোলা দরপত্র পদ্ধতি।	
০৫।	বাজেট তহবিলের উৎস	স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক পুলিশ হেডকোয়ার্টার্সের রেশন ক্রয় সংক্রান্তে বাজেট বরাদ্দ হইতে।	
০৬।	রেশন সামগ্রীর বিবরণ	সিডিউলের মূল্য	টেন্ডার সিকিউরিটি
	(ক) মশুর ডাল সরবরাহ	৪০০/- টাকা	২৫,০০০/- টাকা
	(খ) সোয়াবিন তৈল সরবরাহ	৪০০/- টাকা	২০,০০০/- টাকা
	(গ) ডালডা সরবরাহ	৪০০/- টাকা	১০,০০০/- টাকা
	(ঘ) লাকড়ী সরবরাহ	৪০০/- টাকা	১০,০০০/- টাকা
০৭।	দরপত্র দলিল বিক্রয়ের স্থান	পুলিশ সুপারের কার্যালয়, মানিকগঞ্জ।	
০৮।	দরপত্র গ্রহণ ও খোলার স্থান	পুলিশ সুপারের কার্যালয়, মানিকগঞ্জ।	
০৯।	দরপত্র দলিল বিক্রয়ের তারিখ	বিজ্ঞাপন প্রকাশের দিন হইতে ২৭/০৩/২০০৭ইং তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত।	
১০।	দরপত্র দলিল দাখিলের তারিখ	২৮/০৩/২০০৭ইং তারিখ বেলা ১০.০০ ঘটিকা হইতে ১২.০০ ঘটিকা পর্যন্ত।	
১১।	দরপত্র বাক্স খোলার তারিখ ও সময়	২৮/০৩/২০০৭ইং তারিখ বেলা ১২.৩০ ঘটিকায়।	
১২।	দরপত্রদাতা যোগানদার/ সরবরাহকারীর যোগ্যতা	হালনাগাদ ট্রেড লাইসেন্স, হালনাগাদ আয়কর সনদপত্র, ভ্যাট রেজিস্ট্রেশন, হালনাগাদ ব্যাংক সলভেন্সী, নাগরিকত্ব সনদপত্র এবং অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত কপি যাহা দরপত্র সিডিউল ক্রয়ের সময় অবশ্যই প্রদর্শন করিতে হইবে।	
১৩।	দরপত্র তথ্যাদি প্রসঙ্গে	দরপত্রের বিস্তারিত তথ্যাদি অফিস চলাকালীন সময়ে ওসি পুলিশ রেশন স্টোর, পুলিশ লাইন, মানিকগঞ্জের নিকট হইতে জানা যাইবে।	
১৪।	দরপত্র আহ্বানকারীর নাম, পদবী ও ঠিকানা	মোঃ আবদুল্লাহ আল-মামুন, পুলিশ সুপার, মানিকগঞ্জ।	
১৫।	দরপত্র আহ্বাকারীর সহিত যোগাযোগের মাধ্যম	অফিস ফোন নম্বরঃ ০৬৫১/৬১৪০০।	
১৬।	বিশেষ নির্দেশাবলী	বিজ্ঞাপনে বর্ণিত জামানতের টাকা পুলিশ সুপার, মানিকগঞ্জের অনুকূলে ব্যাংক ড্রাফট করতঃ দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।	

কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

মোঃ আবদুল্লাহ আল-মামুন
পুলিশ সুপার
মানিকগঞ্জ
ফোনঃ ০৬৫১-৬১৪০০
ফ্যাক্স-০৬৫১-৬১৩০৬

জিডি-৬৫৮

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য

পরীক্ষায় নকলের বিরুদ্ধে সতর্কবানী/শ্লোগান

পরীক্ষায় নকল শিক্ষা ব্যবস্থাকে ধ্বংস করে। জাতিকে বিপর্যস্ত করে।
পরীক্ষায় নকল করা বা নকলে সহায়তা প্রদান করা থেকে বিরত থাকুন।
নকল প্রতিরোধ করুন।
নকল করে ডিগ্রী নিয়ে নিজেকে প্রতারিত করবেন না।
নকল করে পাওয়া ডিগ্রী কর্মজীবনে কোন কাজে আসে না।

পরীক্ষার্থীদের প্রতি

নকল করে বহিস্কৃত হলে একদিকে যেমন শিক্ষা জীবনের মূল্যবান সময় নষ্ট হয় তেমনি বহিস্কৃত হওয়ার গ্লানি সাবাজীবন বয়ে বেড়াতে হয়। এর ফলে ছাত্র-ছাত্রীর লেখাপড়া চিরতরে বন্ধ হয়ে যেতে পারে। শিক্ষা জীবন ধ্বংস হওয়ার ফলে কর্মজীবন হতাশা ও ব্যর্থতায় পর্যবসিত হতে পারে।

⊗

পরীক্ষায় নকলকারী সমাজে ঘৃন্য ব্যক্তি হিসেবে চিহ্নিত হয়।

⊗

নকল করে পরীক্ষা পাশের দুর্বলতা আজীবন বয়ে বেড়াতে হয় এবং এজন্য কর্মজীবনে পদে পদে লজ্জিত ও বিব্রত হতে হয়।

⊗

ভুয়া পরিচয় দিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করলে ছাত্র-ছাত্রী ২ বছর পর্যন্ত কারাদন্ড অথবা অর্থ দন্ড কিংবা উভয়বিধ দন্ডে দন্ডিত হতে পারে। এর ফলে পরবর্তীকালে চাকুরী বা ব্যবসায় প্রতিটি স্তরে কঠিন বাধার সম্মুখীন হতে হবে এবং এ গ্লানি সারা জীবন তাড়া করবে।

শিক্ষকদের প্রতি

পরিদর্শক হিসেবে নকলে সহায়তা প্রদান করলে-

ক) বহিস্কৃত হতে পারেন।
খ) বেতন ভাতাদি বন্ধ হতে পারে।
গ) চাকুরীচ্যুত হতে পারেন।

⊗

এর ফলে নিজের ও পরিবারের সামাজিক মর্যাদা ক্ষুন্ন হওয়াসহ আর্থিক অনটন সৃষ্টি হতে পারে ফলে কর্মজীবন ব্যর্থতায় পর্যবসিত হবে।

⊗

শিক্ষক হিসেবে নকলে সহায়তা করে অভিযুক্ত হওয়া সমগ্র শিক্ষক সমাজের জন্য কলংক স্বরুপ। নিজের ভুলের দায় যাতে শিক্ষক সমাজের উপর না বর্তায় সে বিষয়ে সচেতন থাকুন।

নকলে সহায়তা প্রদানকারীদের প্রতি

পরীক্ষার হলে নকল সরবরাহ করলে বা নকলে সহায়তা প্রদান করলে ২ বছর পর্যন্ত কারাদন্ড অথবা অর্থ দন্ড কিংবা উভয়বিধ দন্ড হতে পারে।
পরীক্ষায় প্রশ্নপত্র সম্বলিত কোন কাগজপত্র অথবা পরীক্ষার জন্য প্রণীত হয়েছে বলে মিথ্যা ধারণাদায়ক কোন কাগজ যে কোন উপায়ে ফাঁস, প্রকাশ বা বিতরণ করা হলে ৪ বছর পর্যন্ত কারাদন্ড অথবা অর্থ দন্ড কিংবা উভয়বিধ দন্ড হতে পারে।

প্রফেসর মোঃ মনিরুল ইসলাম
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

GD-655

বাংলাদেশ নৌ বাহিনীতে সরাসরি কমিশন্ড অফিসার পদে নিয়োগ

উপযুক্ততা ঃ

বাংলাদেশ নৌ বাহিনী ভলান্টিয়ার রিজার্ভ কমিশন্ড এক্সিকিউটিভ ও সাপ্লাই শাখা (পুরুষ)

১। বয়সঃ ১১ মার্চ ২০০৭ তারিখে ২১ থেকে ২৮ বৎসর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

২। শিক্ষাগত যোগ্যতা ঃ
ক। এক্সিকিউটিভ শাখা ঃ পদার্থ বিজ্ঞান বা গণিত বিষয়ে ন্যূনতম স্নাতক (এসএসসি হইতে সবগুলি পরীক্ষায় ন্যূনতম জিপিএ-৩/২য় বিভাগ/শ্রেণী)।
খ। সাপ্লাই শাখা ঃ বাণিজ্য বিভাগে ন্যূনতম স্নাতক/বিবিএ (এসএসসি হইতে সবগুলি পরীক্ষায় ন্যূনতম জিপিএ-৩/২য় বিভাগ/শ্রেণী)।

৩। বৈবাহিক অবস্থা ঃ অবিবাহিত।

৪। নিয়োগ ঃ চূড়ান্ত মনোনয়নশেষে 'বি এন ভি আর' (এক্সিকিউটিভ ও সাপ্লাই) শাখায় 'এ্যাক্টিং সাব লেফটেন্যান্ট' পদে স্বল্প মেয়াদী কমিশনে ০৫ বৎসরের জন্য নিয়োগ করা হইবে। পরবর্তীতে বিধি অনুযায়ী চাকুরী বর্ধিত/ স্থায়ী নিয়োগ প্রদান করা হইবে।

ইঞ্জিনিয়ারিং ও ইলেকট্রিক্যাল শাখা (পুরুষ)

৫। বয়স ঃ ১১ মার্চ ২০০৭ তারিখে অনূর্ধ্ব ৩০ বৎসর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

৬। শিক্ষাগত যোগ্যতা ঃ
ক। সরকার কর্তৃক স্বীকৃত যে কোন প্রকৌশল বিশ্ববিদ্যালয় হইতে নেভাল আর্কিটেকচার/ মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং- এ ন্যূনতম স্নাতক (এসএসসি হইতে সবগুলি পরীক্ষায় ন্যূনতম জিপিএ-৩/২য় বিভাগ/শ্রেণী)।
খ। উচ্চ শিক্ষা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হইবে।

৭। বৈবাহিক অবস্থা ঃ অবিবাহিত।

৮। নিয়োগ ঃ নৌ বাহিনী সদর দপ্তর চূড়ান্ত মনোনয়ন পর্ষদ কর্তৃক মনোনীত হইলে স্থায়ী কমিশন্ড হিসাবে 'এ্যাক্টিং সাব লেফটেন্যান্ট' পদে নিয়োগ প্রদান করা হইবে।

৯। অতিরিক্ত সুবিধাদি ঃ
ক) কমিশন্ড প্রাপ্তির পর এককালীন ৪৫,৫০০.০০ (পঁয়তাল্লিশ হাজার পাঁচশত) টাকা বিশেষ ভাতা (থোক বরাদ্দ) দেওয়া হইবে।
খ) দুই বৎসরের অগ্রীম জ্যেষ্ঠতা প্রদান করা হইবে (বিধি মোতাবেক)।

শিক্ষা শাখা (পুরুষ ও মহিলা)

১০। বয়স ঃ ১১ মার্চ ২০০৭ তারিখে ২৬ থেকে ৩৫ বৎসর (এফিডেভিট গ্রহণযোগ্য নয়)।

১১। শিক্ষাগত যোগ্যতা ঃ
ক। বাংলা/ইংরেজী বিষয় অনার্সসহ এমএ (এসএসসি হইতে সবগুলি পরীক্ষায় ন্যূনতম জিপিএ-৩/২য় বিভাগ/শ্রেণী)।
খ। পদার্থ বিজ্ঞান/রসায়ন/গণিত বিষয়ে অনার্সসহ এমএসসি (এসএসসি হইতে সবগুলি পরীক্ষায় ন্যূনতম জিপিএ-৩/২য় বিভাগ/শ্রেণী)।
গ। মনোবিজ্ঞান ও কম্পিউটার সায়েন্সে সরকার কর্তৃক স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় হইতে অনার্সসহ মাষ্টার্স (এসএসসি হইতে সবগুলি পরীক্ষায় ন্যূনতম জিপিএ-৩/২য় বিভাগ/শ্রেণী)।

১২। বৈবাহিক অবস্থা ঃ বিবাহিত / অবিবাহিত।

১৩। নিয়োগ ঃ চূড়ান্ত মনোনয়ন শেষে 'এ্যাক্টিং ইনস্ট্রাকটর সাব লেফটেন্যান্ট' পদে স্বল্প মেয়াদী কমিশনে ০৫ বৎসরের জন্য নিয়োগ করা হইবে এবং পরবর্তীতে বিধি অনুযায়ী চাকুরী বর্ধিত করা হইবে।

১৪। জাতীয়তা ঃ বাংলাদেশী পুরুষ ও মহিলা নাগরিক।



১৫। সকল শাখার জন্য শারীরিক মান (ন্যূনতম) ঃ

		পুরুষ	মহিলা
ক।	উচ্চতা ঃ	১৬২.৫ সেঃ মিঃ (৫' ৪")	১৫৭.৫ সেঃ মিঃ (৫' ২")
খ।	ওজন ঃ	৫০ কেজি	৪০ কেজি
গ।	বুকের মাপ ঃ	৭৬ সেঃ মিঃ (স্বাভাবিক) ৮১ সেঃ মিঃ (সম্প্রসারিত)	৭১ সেঃ মিঃ (স্বাভাবিক) ৭৬ সেঃ মিঃ (সম্প্রসারিত)

১৬। অযোগ্যতা ঃ
ক। সেনা, নৌ ও বিমান বাহিনী অথবা যে কোন সরকারী চাকুরী হইতে বরখাস্ত কিংবা অপসারিত হইলে।
খ। আইএসএসবি কর্তৃক দুইবার স্ক্রীন্ড আউট / প্রত্যাখাত হইলে।
গ। সেনা, নৌ ও বিমান বাহিনীর আপীল মেডিক্যাল বোর্ড কর্তৃক অযোগ্য বিবেচিত হইলে।
ঘ। যে কোন বিচারালয় হইতে দন্ডপ্রাপ্ত হইলে।
ঙ। কোন বিদেশী নাগরিকের সহিত বিবাহসূত্রে আবদ্ধ বা অঙ্গীকারাবদ্ধ হইলে।
চ। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং একনামে একাধিক আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

মনোনয়ন পদ্ধতি ও নিয়োগ ঃ

১৭। প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা ও প্রাথমিক সাক্ষাতকার ঃ প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা ও প্রাথমিক সাক্ষাতকার ১০, ১১ ও ১২ এপ্রিল ২০০৭ তারিখে (পরিবর্তনযোগ্য) বিএনএস হাজী মহসীন, ঢাকায় অনুষ্ঠিত হইবে।

১৮। লিখিত পরীক্ষা ঃ প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষায় উপযুক্ত প্রার্থীদের ১৩ এপ্রিল ২০০৭ তারিখে (পরিবর্তনযোগ্য) বিএন কলেজ ঢাকায় লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হইবে।

১৯। আইএসএসবি কর্তৃক পরীক্ষা ও সাক্ষাৎকার ঃ লিখিত পরীক্ষা ও প্রাথমিক সাক্ষাৎকারে উপযুক্ত প্রার্থীদের আইএসএসবি কর্তৃক পরীক্ষা ও সাক্ষাৎকার আন্তঃবাহিনী নির্বাচন পর্ষদ, ঢাকা সেনানিবাস, ঢাকায় অনুষ্ঠিত হইবে।

২০। চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা ঃ আইএসএসবি কর্তৃক নির্বাচিত প্রার্থীদের চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষার জন্য বিএনএস হাজী মহসীনে উপস্থিত হইতে হইবে।

২১। চূড়ান্ত মনোনয়ন ঃ নৌ বাহিনী সদর দপ্তরে অনুষ্ঠিতব্য সাক্ষাৎকারের মাধ্যমে চূড়ান্ত মনোনয়ন করা হইবে।

বেতন ও ভাতা

২২। সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য সুবিধাদিসহ সশস্ত্র বাহিনীর বেতনক্রম অনুযায়ী বেতন ও ভাতাদি প্রাপ্য হইবেন।

বাসস্থান

২৩। সশস্ত্র বাহিনীর প্রচলিত বিধি মোতাবেক বিনামূল্যে আসবাবপত্রাদিসহ নিজের বা পরিবারের জন্য বাসস্থান অথবা ভাতা প্রদান করা হইবে।

আবেদনপত্র ঃ

২৪। প্রত্যেক প্রার্থীকে আবেদনপত্র পূরণ করতঃ ১১ মার্চ ২০০৭ তারিখের মধ্যে পরিচালক, পার্সোনেল সার্ভিসেস পরিদপ্তর, নৌ বাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা-১২১৩ এর বরাবরে প্রেরণ করিতে হইবে। নিম্নে বর্ণিত ঠিকানাসমূহে আবেদনপত্র পাওয়া যাইবে ঃ
ক। গার্ডরুম, নৌ বাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা-১২১৩।
খ। নৌ বাহিনী ভর্তি ও তথ্য কেন্দ্র, বিএনএস হাজী মহসীন, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬।
গ। নৌ বাহিনী ভর্তি ও তথ্য কেন্দ্র, টাইগারপাস, চট্টগ্রাম।
ঘ। নৌ বাহিনী ভর্তি ও তথ্য কেন্দ্র, বাড়ী নং ৪২, ষ্টেশন রোড, আলম নগর, রংপুর।
ঙ। বা নৌ জা তিতুমীর, শহর খালিশপুর, খুলনা।
চ। ষ্টেশন হেড কোয়ার্টার্স, বগুড়া সেনানিবাস, বগুড়া।
ছ। সকল জেলা সশস্ত্র বাহিনী বোর্ড (ডিএএসবি) অফিসসমূহ (ঢাকা, চট্টগ্রাম, খুলনা, বগুড়া ও রংপুর ব্যতীত)।

২৫। আবেদনপত্রের সাথে আবশ্যক কাগজপত্র ঃ
ক। সম্প্রতি তোলা ০৩ কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি (আবেদনপত্রের নির্ধারিত স্থানে এক কপি ছবি ভালভাবে লাগাইতে হইবে এবং বাকী ০২ কপি ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করিতে হইবে)।
খ। সোনালী ব্যাংক, নেভাল হেডকোয়ার্টার্স শাখায় রক্ষিত "ট্রেনিং-কাম-রিক্রুটমেন্ট" ফান্ড হিসাব নং ৩৪০০১৩০৭ এর অনুকূলে বাংলাদেশের যে কোন সোনালী ব্যাংক হইতে ক্রয়কৃত এবং ঢাকাস্থ সোনালী ব্যাংক নেভাল হেডকোয়ার্টার্স শাখায় পরিশোধযোগ্য ১৫০/০০ (একশত পঞ্চাশ) টাকার পে অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) জমা দিতে হইবে।
গ। নিজ ঠিকানা সম্বলিত (২৩ X ১০ সেঃ মিঃ সাইজের) ৮.০০ (টাকা আট মাত্র) টাকার অব্যবহৃত ডাক টিকেট লাগানো একটি খাম জমা দিতে হইবে।
ঘ। লিখিত পরীক্ষার দিন বিস্তারিত তথ্যের জন্য ফরম (কমিশন)-২ সরবরাহ করা হইবে। উক্ত ফরমের সহিত নিম্নবর্ণিত সনদপত্রসহ নির্ধারিত তারিখের মধ্যে অত্র দপ্তরে জমা দিতে হইবে ঃ
(১) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র ও মার্কশীট এর সত্যায়িত কপি।
(২) বৈবাহিক অবস্থা ও স্থায়ী ঠিকানা উল্লেখসহ স্ব-স্ব ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার অথবা প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তার নিকট হইতে প্রার্থীর নাগরিকত্ব ও চারিত্রিক সনদপত্র।

২৬। বিশেষ নির্দেশাবলী ঃ
ক। সরকারী, আধাসরকারী বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।
খ। প্রার্থীদের নিকট যথাসময়ে কল-আপ লেটার প্রেরণ করা হইবে। কল-আপ লেটার না পাইলে অত্র অফিসের সাথে যোগাযোগ করা যাইতে পারে।
গ। আইএসএসবি ব্যতীত অন্যান্য পরীক্ষা/ইন্টারভিউ এর জন্য কোন প্রকার দৈনিক / ভ্রমণ ভাতা প্রদান করা হইবে না।
ঘ। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর ও তারিখ আবেদনপত্রে উল্লেখ করিতে হইবে।
ঙ। খামের উপরে প্রার্থী কোন শাখায় যোগদানে ইচ্ছুক তাহা লিখিতে হইবে।
চ। চার বছর মেয়াদী ন্যূনতম ২য় শ্রেণীর অনার্স ডিগ্রীধারী প্রার্থীগণ অনার্সসহ স্নাতকোত্তর ডিগ্রীর সমতুল্য হিসাবে আবেদন করিতে পারিবেন।
ছ। মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে অফিসার নির্বাচনের জন্য সকল শর্ত পূরণ সাপেক্ষে অগ্রাধিকার থাকিবে। প্রমাণ স্বরূপ পিতা/মাতার মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত কপি আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। আবেদনপত্রের উপর 'মুক্তিযোদ্ধার সন্তান' কথাটি লিখিতে হইবে।

পরিচালক
পার্সোনেল সার্ভিসেস পরিদপ্তর
নৌ বাহিনী সদর দপ্তর
বনানী, ঢাকা-১২১৩
ফোন ঃ ৮৭৫৪০৪১-৫ বর্ধিত ঃ ২২১১
E-mail: dps@bangladeshnavy.org
Website: www.bangladeshnavy.org

ISPR/Navy/07/1059
GD-659

বি:দ্র: চলমান অনার্স পরীক্ষার পরীক্ষার্থীগণ আবেদন করিতে পারিবে।

আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১১ মার্চ ২০০৭